

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১২৬৮

আগরতলা, ১৯ সেপ্টেম্বর, ২০২৪

ধলাই জেলা হাসপাতালে ১০০ জনের চোখের ছানির সফল অস্ত্রোপচার

ধলাই জেলা হাসপাতালে গত ১১ সেপ্টেম্বর থেকে ১৩ সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত তিনদিনব্যাপী মেগা চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়। জেলার বিভিন্ন প্রত্যন্ত অঞ্চল থেকে চোখের সমস্যা নিয়ে রোগীরা জেলা হাসপাতালে আয়োজিত চক্ষু শিবিরে আসেন। তাতে যাদের চোখের ছানির সমস্যা ছিল তাদের সম্পূর্ণ বিনামূল্যে চোখের ছানির অস্ত্রোপচার করা হয়। রাজ্যের বিভিন্ন হাসপাতালের চক্ষু বিশেষজ্ঞ সার্জনগণ শিবিরে উপস্থিত থেকে চোখের ছানির অস্ত্রোপচার করেন। ডা. মধুসূদন দাস, ডা. রবীন্দ্র দাস ও ডা. ছন্দম আচার্য সহ একটি মেডিকেল টিম রোগীদের চোখের ছানির অস্ত্রোপচার করেন। এছাড়াও টিমে ছিলেন ডা. দীপঙ্কর ভৌমিক, ডা. অলকানন্দা সাহা, ডা. জেনিফার দেববর্মা, ডা. সঞ্জয় সাহা, ডা. আশিস মেশরাম, ডা. অমিত কুমার দাস, ডা. সুশান্ত দেববর্মা প্রমুখ। নার্সিং অফিসার ছিলেন বিশ্বজিৎ ভট্টাচার্য ও দুলাল দেববর্মা, কমলী দেববর্মা, শ্যামশ্রী ভট্টাচার্য, নিল্লান দেবনাথ। স্টাফ নার্স ছিলেন নিতু দেববর্মা, বর্গিতা কলি এবং অপটোমেট্রিস্ট ছিলেন বিশ্বজিৎ গোস্বামী ও গৌতম দেব। এই শিবিরে তিনদিনে মেডিকেল টিম মোট ১০০ জনের চোখের ছানির সফল অস্ত্রোপচার করেন। অস্ত্রোপচারের পর প্রত্যেককে বিনামূল্যে কালো চশমা সহ প্রয়োজনীয় ওষুধ দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*